# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

## ২১৫. ঘরের কোন দেয়ালকে কাপড় দিয়ে ঢেকে রাখা

আলী বিন্ ’হুসাইন (রাহিমাহুল্লাহ্) থেকে বর্ণিত তিনি বলেন:

نَهَى رَسُوْلُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ تُسْتَرَ الْجُدُرُ

‘‘রাসূল (সা.) ঘরের কোন দেয়ালকে কোন কিছু দিয়ে ঢেকে রাখতে নিষেধ করেছেন’’।[1]

’আয়িশা (রাযিয়াল্লাহু আনহা) থেকে বর্ণিত তিনি বলেন: একদা রাসূল (সা.) ঘরের দরজা কাপড় দিয়ে ঢাকা অবস্থায় দেখলে তা ছিঁড়ে ফেলে বললেন:

إِنَّ اللهَ لَمْ يَأْمُرْنَا أَنْ نَكْسُوَ الْحِجَارَةَ وَالطِّيْنَ

‘‘আল্লাহ্ তা’আলা আমাদেরকে পাথর ও মাটিকে কাপড় দিয়ে ঢেকে রাখতে বলেননি’’।[2]

এ কারণেই একদা আবু আইয়ূব আনসারী (রা.) দেয়াল সমূহ কাপড় দিয়ে ঢাকা এমন ঘরে ঢুকতে অস্বীকৃতি জানান। সালিম বিন্ আব্দুল্লাহ্ (রাহিমাহুল্লাহ্) থেকে বর্ণিত তিনি বলেন: একদা আমি আমার পিতার জীবদ্দশায় জনৈকা মহিলার সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হই। উক্ত বিবাহ উপলক্ষে আমার পিতা কিছু মানুষকে দা’ওয়াত করেছিলেন। যাদের মধ্যে আবু আইয়ূব আনসারী (রা.) ও উপস্থিত ছিলেন। ইতিমধ্যে আমার আত্মীয়রা আমার ঘরটিকে সবুজ চাদর দিয়ে ঢেকে ফেললো। তখন আবু আইয়ূব আন্সারী (রা.) ঘরে ঢুকে আমাকে দাঁড়ানো অবস্থায় দেখতে পেলেন। এমতাবস্থায় তিনি ঘরটিকে সবুজ চাদর দিয়ে ঢাকা দেখে আমার পিতাকে সম্বোধন করে বললেন: হে আব্দুল্লাহ্! তোমরা কি ঘরের দেয়ালগুলোকে চাদর দিয়ে ঢেকে রাখো? তখন আমার পিতা লজ্জিত স্বরে বললেন: আমাদেরকে কখনো কখনো মেয়েলোকের কথাও শুনতে হয়। আবু আইয়ূব আনসারী (রা.) বলেন: কারোর ব্যাপারে এমনটির আশঙ্কা করলেও তোমার ব্যাপারে তো এমনটি আশঙ্কা করা যায় না। আমি তোমাদের কোন খানাও খাবো না এবং তোমাদের কোন ঘরেও ঢুকবো না। এ বলে তিনি দ্রুত ঘর থেকে বের হয়ে গেলেন।[3]

>

ফুটনোট

[1] (বায়হাক্বী ৭/২৭২)

[2] (মুসলিম, হাদীস ২১০৭)

[3] (ত্বাবারানী/কবীর, হাদীস ৩৮৫৩)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11465

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন